



## আগামী জাতীয় নির্বাচনে ৪২ হাজারের বেশি ভোটকেন্দ্র প্রস্তাব



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে সারাদেশে মোট ৪২ হাজার ৬১৮টি ভোটকেন্দ্র স্থাপনের খসড়া তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। প্রতি তিন হাজার ভোটারের জন্য একটি কেন্দ্র নির্ধারণ করা হয়েছে। খসড়ার ওপর দাবি-আপত্তি জানানো যাবে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণের জন্য সারাদেশে ৪২ হাজার ৬১৮টি ভোটকেন্দ্র প্রস্তাব করেছে নির্বাচন কমিশন (ইসি)। বুধবার (১০ সেপ্টেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আয়োজিত এক ব্রিফিংয়ে ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ এ তথ্য জানান।

তিনি বলেন, বর্তমানে ১০টি অঞ্চলের আওতায় ৬৪ জেলার ৩০০ আসনে মোট ভোটার সংখ্যা দাঁড়িয়েছে ১২ কোটি ৬১ লাখ ৬১ হাজার ২০১ জন। গড়ে প্রতি ৩ হাজার ভোটারের জন্য একটি ভোটকেন্দ্র নির্ধারণ করে এই হিসাব তৈরি করা হয়েছে।

সচিব আরও জানান, প্রতিটি ভোটকেন্দ্রে গড়ে ৬০০ জন পুরুষ ভোটারের জন্য একটি পুরুষ ভোটকক্ষ এবং ৫০০ জন মহিলা ভোটারের জন্য একটি মহিলা ভোটকক্ষ রাখা হবে। এ হিসেবে পুরুষ ভোটকক্ষ হবে ১ লাখ ১৪ হাজার ৯৩৯টি এবং মহিলা ভোটকক্ষ হবে ১ লাখ ২৯ হাজার ১০৭টি। সব মিলিয়ে মোট ভোটকক্ষের সংখ্যা হবে ২ লাখ ৪৪ হাজার ৪৬টি। খসড়া তালিকার ওপর ২৫ সেপ্টেম্বর পর্যন্ত দাবি-আপত্তি জানানো যাবে। এসব নিষ্পত্তির পর ১২ অক্টোবর সিদ্ধান্ত জানানো হবে এবং ২০ অক্টোবর প্রকাশ করা হবে চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা